দৈনিক ইত্তেফাক

FEB 2001

তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৮

খুলনা বিশ্ববিদ্যালয়

# আবাসিক সমস্যা সমাধানের দাবীতে ছাত্র-ছাত্রীদের কর্মসূচী গ্রহণ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের আবাসিক সমস্যা সমাধানের দাবীতে উক্ত বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা আগামী ৩রা ফেব্রুয়ারী চ্যান্সেলরের নিকট স্মারকলিপি পেশ, ৫ই ফেব্রুয়ারী মঞ্জুরী কমিশন ঘেরাও, ৭ই ফেব্রুয়ারী জাতীয় প্রেসক্লাবের সম্মুখে মানববন্ধন এবং ৯ই ফেব্রুয়ারী কেন্দ্রীয় শহীদ মিনারে প্রতীক অনশন কর্মসূচী পালনের ঘোষণা দিয়াছে। গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় মধুর কেন্টিনে এক

(শেষাংশ পৃঃ ৫-এর ৪ঃ কঃ দ্রঃ)

## খুলনা বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

সংবাদ সম্মেলনে কর্মসূচী ঘোষণা করিয়া ছাত্র-ছাত্রীরা অবিলম্বে খুলনা বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়াসহ ছাত্র-ছাত্রীদের শাস্তি প্রত্যাহার এবং ছাত্র-ছাত্রীদের উপর হামলার জন্য ট্রেজারার ও কর্মচারীদের অপসারণের দাবী জানান।

**সমাবর্তনে অংশগ্রহণেচ্ছুকদের রেজিষ্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি**

আগামী ১৪ই ফেব্রুয়ারী অনুষ্ঠিতব্য খুলনা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তনে অংশগ্রহণের জন্য এই বিশ্ববিদ্যালয় হইতে ১৯৯৫-৯৬, '৯৬-৯৭, '৯৭-৯৮ এবং '৯৮-৯৯ শিক্ষাবর্ষে উত্তীর্ণ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীধারীদের রেজিষ্ট্রেশনের মেয়াদ আগামী ৫ই ফেব্রুয়ারী পর্যন্ত বৃদ্ধি করা হইয়াছে। ১৩ই ফেব্রুয়ারী রেজিষ্ট্রেশনকারীদের মধ্যে রেজিষ্ট্রেশন কার্ড বিতরণ করা হইবে।

**বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা স্কুলের অপেক্ষমাণ তালিকা হইতে ভর্তি ৭ই ফেব্রুয়ারী**

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের ২০০০-২০০১ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক শ্রেণীতে অপেক্ষমাণ তালিকার ছাত্র-ছাত্রীদের আগামী ৭ই ফেব্রুয়ারী ভর্তি করা হইবে। একই দিন তাহাদের রেজিষ্ট্রেশন ও ভর্তি সম্পন্ন হইবে। –প্রেস বিজ্ঞপ্তি